

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৫.১৫-৫৩

তারিখঃ ১২ মাঘ ১৪২৬
২৬ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ মামলার ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের বিষয়ে কতিপয় তথ্য TMED কে অবহিতকরণ।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.১০৪.১৬৮৯

তারিখঃ ০৫.১১.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার ধুনট উপজেলাধীন কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভোকেশনাল শাখায় কম্পিউটার ডেভো: পদে জনাব মো: আবু খায়ের গত ১৯.০৬.২০০৪ খ্রি. তারিখ হতে এমপিওভুক্তকরণের আদেশ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২নং রেসপনডেন্ট মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর। বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্বাক্ষরিত ওকালতনামা ও অথরাইজেশন লেটার এবং দফাওয়ায়ী জবাব বিজ্ঞ ডেপুটি সলিসিটর (রিট) ববাবর গত ১১.১১.১৫ খ্রি. তারিখে প্রেরণ করা হয়।

০৩। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

In the result, the rule is disposed of with direction upon the respondents to include the name of the petitioner in the M.P.O List, if he has requisite qualification within 1 (one) month from the date of receipt of this order.

The respondent No. 1 is also directed to investigate the matter by framing a 3 (three) members enquiry committee headed by the District Education officer, Bogra to find out the real perpetrators, within 1 (one) month from the date of receipt of this order and conclude the investigation as soon as possible preferably within 6 (six) months from the date of receipt of this order and take necessary action in accordance with the law and submit a report to the Registrar, Bangladesh Supreme Court, High Court Division, Dhaka within 1 (one) month, after expiry of the aforesaid six months.

০৪। DTE কর্তৃক সূত্রমূলে রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় মহামান্য হাইকোর্টের গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়ের --- "In the result, the rule is disposed of with direction upon the respondents to include the name of the petitioner in the M.P.O List, if he has requisite qualification within 1 (one) month from the date of receipt of this order" অংশের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের জন্য রায়ের সার্টিফাইড কপি সহ মামলা সংক্রান্ত কাগজপত্রাদি বিজ্ঞ সলিসিটর ববাবর প্রেরণ করা হয়েছে।

০৫। যেহেতু রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় ০৩.০৪.১৯ তারিখের রায়ের এক অংশের রায়/আদেশের বিরুদ্ধে সলিসিটর উইং কর্তৃক আপীল বিভাগে আপীল দায়ের হয়েছে কিনা, সে বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি।

০৬। রিট মামলার রায় জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সভাপতিত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে প্রকৃত অপরাধীকে চিহ্নিত করে যত দ্রুত সম্ভব আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে তদন্ত শেষ করে একটি প্রতিবেদন রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট ববাবর দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু এ বিষয়ে গৃহীত কোন তথ্য পাওয়া যায়নি।

০৭। এক্ষণে নিম্নোক্ত তথ্য জানা আবশ্যিক:

- রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় ০৩.০৪.১৯ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সভাপতিত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে কিনা? হয়ে থাকলে দায়ী ব্যক্তিকে চিহ্নিত করে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? না হয়ে থাকলে করণীয় সম্পর্কে মতামত।
- রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় ০৩.০৪.১৯ তারিখের রায়ের এক অংশের রায়/আদেশের বিরুদ্ধে সলিসিটর উইং কর্তৃক আপীল বিভাগে আপীল দায়ের হয়েছে কিনা?
- আপীল দায়ের হয়ে থাকলে CPLA Number কত এবং রিট মামলার রায় স্থগিত করা হয়েছে কিনা?
- আপীল মামলায় কোন শুনানি না হয়ে থাকলে শুনানি অনুষ্ঠানের জন্য কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা?
- আপীল মামলার পরবর্তী তারিখ কবে এবং কিসের জন্য ধার্য আছে?

০৮। এমতাবস্থায়, উপরি-মতে চাহিত তথ্যাদি আগামী ১০.০২.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা

(মো: আ: খালেক মিঞা) ২৫/০১/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।